

ডিসেম্বরে আদমশুমারির দ্বিতীয় পর্বের জরিপ

সারা দেশে আগামী ১লা ডিসেম্বর হইতে ১৯৮১ সালের আদমশুমারির দ্বিতীয় পর্বে নমুনা জরিপ শুরু হইবে।

স্মরণযোগ্য যে, গত মার্চ মাসে সারা দেশে আদমশুমারি করা হয় এবং জুন মাসে এই আদমশুমারির প্রাথমিক ফলাফলও প্রকাশ করা হয়।

পূর্ব প্রস্তুতি অনুসারে দেশের আদমশুমারি দুই পর্যায়ে গ্রহণ করার কথা। প্রথম পর্যায়ে একটি ছোট ও সহজ প্রশ্নপত্র পূরণের মাধ্যমে দেশের শতকরা ১০০ ভাগ লোককে গণনা করা হইয়াছে এবং দ্বিতীয় পর্যায়ে একটি দীর্ঘ (বহুপ্রশ্ন সম্বলিত) প্রশ্নপত্র পূরণের মাধ্যমে কেবল নমুনার ভিত্তিতে বাছাইকৃত গৃহে জরিপ চালানো হইবে। নমুনা জরিপের প্রশ্নপত্রটিতে গৃহ, ব্যক্তিগত, সামাজিক, আর্থিক এবং জনতত্ত্ব সম্বন্ধীয় বৈশিষ্ট্যবলীর উপর বিস্তারিত তথ্য সংগ্রহের জন্য প্রশ্ন রাখা হইয়াছে।

দ্বিতীয় পর্বের জরিপ কাজ দুই মাসব্যাপী চলিবে এবং উহাতে দেশের সবগুলি জিলা শহর ও গ্রাম মিলাইয়া প্রায় ১ লক্ষ থানা অন্তর্ভুক্ত হইবে। বাংলাদেশ পরিসংখ্যান বারো ৭০০ গণনাকারী ও ১০০ জন সুপারভাইজার এই ফিল্ড কাজে নিয়োজিত করিয়াছেন। জরিপ গণনা কাজ ৩১শে জানুয়ারী ১৯৮২-এর মধ্যে শেষ হইবে। খবর তথ্য বিবরণীর।